5

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 NOV 1998 ...
পৃষ্ঠা ১০ কলাম ৫

## 'শিক্ষা ছাড়া নারী মুক্তি সম্ভব নয়'

গত ১৮ই নভেম্বর মহিলা সমিতি মিলনায়তনে জাতীয় স্বেচ্ছাসেবী সংস্থা প্রমিজ আয়োজিত অর্থ সামাজিক উন্নয়নে নারী সমাজের অবস্থান শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ডাঃ এস, এ মালেক বলেন, মহান মুক্তিযুদ্ধে নারীর অবদান অবিস্মরণীয়। শিক্ষা ছাড়া নারী মুক্তি ও নারীর অধিকার প্রতিষ্ঠা করা কখনো সম্ভব হইবে না। বর্তমান সরকার সমাজ ও রাষ্ট্রের সর্বক্ষেত্রে নারীর অধিকার প্রতিষ্ঠায় পদক্ষেপ গ্রহণ করিয়াছে। এই সুযোগ গ্রহণ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। আরো বক্তব্য রাখেন দৈনিক রূপালী সম্পাদক আলহাজ্ব মুস্তাফিজুর রহমান এম, পি, অধ্যাপিকা পান্না কায়সার এম, পি, এডভোকেট আবদুল লতিফ এম, পি ও প্রমিজ সভাপতি ফরহাদুল ইসলাম। সভাপতিত্ব করেন ইঞ্জিনিয়ার মনসুর আহমেদ। —প্রেস বিজ্ঞপ্তি